

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
“উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ প্রকল্প”  
মহিলা বিষয়ক অধিদপ্তর  
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা।

“শেখ হাসিনার বারতা  
নারী-পুরুষ সমতা”

স্মারক নং ৩২.০১.০০০০.০৪৭.১৬.০১৬.১৭- ১১৭


তারিখঃ ১৫/০৯/২০১৯ খ্রিঃ।

**বিষয়: বিভাগীয় ও জেলা পর্যায়ে আইজিএ প্রকল্পের প্রশিক্ষণ ও প্রশিক্ষণার্থী ভর্তি প্রসঙ্গে।**

সূত্র-১: অত্র প্রকল্পের স্মারক নং- ৩২.০১.০০০০.০৪৭.১১.০০৬.১৭-১০৭; তারিখ: ১৯/০২/২০১৮ খ্রি:।

সূত্র-২: অত্র প্রকল্পের স্মারক নং- ৩২.০১.০০০০.০৪৭.১১.০০৫.১৭-১০৬; তারিখ: ১৯/০২/২০১৮ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে জানানো যাচ্ছে যে, মহিলা বিষয়ক অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন “উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক (আইজিএ) প্রশিক্ষণ প্রকল্পের মাধ্যমে ৬৪ টি জেলা শহরে কম্পিউটার সার্ভিসিং এন্ড রিপেয়ারিং ও মোবাইল সার্ভিসিং এন্ড রিপেয়ারিং ট্রেডে এবং ৮ টি বিভাগীয় শহরে মটর ডাইভিং ট্রেডে প্রশিক্ষণ আউটসোর্সিং ফার্ম বায়োস্কোপ লিমিটেড-এর মাধ্যমে ০১/০৩/২০১৮ তারিখ হতে চলমান রয়েছে। প্রকল্পের ডিপিপি অনুযায়ী ৬৪ টি জেলা ও ৮ টি বিভাগীয় পর্যায়ে প্রতিটি জেলা ও বিভাগে মোট ৬ (ছয়) টি ব্যাচের প্রশিক্ষণের সংস্থান রয়েছে এবং ইতোমধ্যে ৪র্থ ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। বাকী ২ (দুই) টি ব্যাচ (অক্টোবর-১৯ হতে ডিসেম্বর-১৯ ও জানুয়ারী-২০ হতে মার্চ-২০) আগামী মার্চ-২০২০ এর মধ্যে প্রশিক্ষণ সমাপ্তের জন্য প্রয়োজনীয় সংখ্যক প্রশিক্ষণার্থী বাছাই পূর্বক ভর্তির ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো। এ বিষয়ে কোন প্রকার তথ্যের প্রয়োজন হলে জরুরী ভিত্তিতে প্রকল্প পরিচালকের কার্যালয়ে যোগাযোগের জন্য অনুরোধ করা হলো।

  
(শফিকুজ্জামান)

যুগ্মসচিব

ও

প্রকল্প পরিচালক

মোবাইলঃ ০১৫৫০-০২০৩০৩

উপ-পরিচালক/জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা (সংশ্লিষ্ট জেলা)

**অনুলিপি সদয় জ্ঞাতার্থে:**

১। চেয়ারম্যান, বায়োস্কোপ লিমিটেড, ১৩/বি, ১/বি, বাবর রোড, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।

২। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা। (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

৩। অফিস কপি।